



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়  
জীবন বীমা কর্পোরেশন  
উন্নয়ন পরিসংখ্যান ও ব্যবসা পর্যালোচনা  
[www.jbc.gov.bd](http://www.jbc.gov.bd)  
২৪, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০

স্মারক নম্বর: ৫৩.১৯.০০০০.৬০০.৫৬.০০১.২২.৮১

তারিখ: ১১ আশ্বিন ১৪২৯

২৬ সেপ্টেম্বর ২০২২

বিষয়: **তথ্য অধিকার বিষয়ক ২০২২-২০২৩ অর্থ বছরের কর্ম পরিকল্পনা বাস্তবায়ণ।**

সরকারের মন্ত্রিপরিষদ বিভাগ ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগের নির্দেশনা মোতাবেক জীবন বীমা কর্পোরেশনের ২০২২-২০২৩ অর্থ বছরে তথ্য বিষয়ক নির্দিষ্ট কার্যক্রম পরিচালনার জন্য বার্ষিক কর্ম পরিকল্পনা গ্রহণ করে তা মন্ত্রণালয়ে দাখিল করেছে (কপি সংযুক্ত)। গৃহীত কর্ম পরিকল্পনা বাস্তবায়ণে কর্পোরেশনের এ বিষয়ক কমিটি নিম্নোক্ত কর্মসূচি বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত প্রদান করেছে:


১। দেশের জনগণকে তাদের চাহিদা মতো তথ্য প্রদানের জন্য প্রধান কার্যালয়ের ন্যয় প্রত্যেকটি রিজিওনাল কার্যালয় ও জেলা পর্যায়ের কার্যালয়ের তথ্য প্রদানের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও বিকল্প কর্মকর্তা নিয়োগ করার ব্যবস্থা গ্রহণ করা। উল্লেখ্য, যে সকল জেলায় সেলস অফিস নাই সেসকল জেলায় শাখা ইনচার্জদের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এবং সংশ্লিষ্ট রিজিওনাল ইনচার্জদের আপীল কর্মকর্তা নিয়োগের ব্যবস্থা গ্রহণ করা।

২। মন্ত্রিপরিষদ বিভাগের গত ২৫-০৪-২০১৮ খ্রিঃ তারিখের ০৪.০০.০০০০.৮২৩.০৭৯.০০৩.১৮.০৩৪ সংখ্যক এবং তথ্য কমিশনের ২০-০৩-২০১৮ খ্রিঃ তারিখের ১৫.৫১.০০০০.৬০৪.০৮.০০১.১৮.৭৬৩ সংখ্যক পত্রের মর্মানুযায়ী কর্পোরেশনে পরিচালিত সকল প্রশিক্ষণ কর্মসূচিতে তথ্য অধিকার আইন-২০১৯ বিষয়ক মডিউল অন্তর্ভুক্ত করা। এ ছাড়াও প্রতি ত্রৈমাসিক ন্যয়তম ১টি তথ্য অধিকার বিষয়ে প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা।

৩। তথ্য অধিকার আইন-২০০৯ এবং এ সংক্রান্ত অন্যান্য বিধি বিধান অনুযায়ী দেশের জন সাধারণকে তথ্য অধিকার বিষয়ক সুবিধা ও জন সচেতনতা সৃষ্টির লক্ষ্যে সংযুক্ত বিভিন্ন স্লোগান সংবলিত লিফলেট, ব্যানার, ফ্যান্টন প্রস্তুত করে কর্পোরেশনের বিভিন্ন কার্যালয়ে টাঙ্গানো এবং বণ্টনের ব্যবস্থা গ্রহণ করা। এছাড়া কর্পোরেশনের ওয়েব-সাইটসহ বিভিন্ন পত্র যোগাযোগের সময় খামের উপর এবং দৈনিক পত্রিকায় বিজ্ঞাপণ প্রকাশের সময় বিজ্ঞাপণ মুসাবিদার ফাঁকা স্থানে তথ্য অধিকার বিষয়ক স্লোগান অন্তর্ভুক্তির ব্যবস্থা গ্রহণ করা।

৪। বিভিন্ন গণ শুনানীতে তথ্য অধিকার বিষয়ক স্লোগান অন্তর্ভুক্ত করে বক্তব্য প্রদানের ব্যবস্থা করা। পরবর্তীতে কর্পোরেশনের পক্ষ হতে এ সম্পর্কিত প্রেস রিলিজ প্রকাশের ব্যবস্থা করা। বিভিন্ন ইভেন্টের প্রেস রিলিজ ব্যাপক হারে প্রকাশের ব্যবস্থা গ্রহণ করা।

বিষয়টি জরুরিভিত্তিতে প্রতিপালনের ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করতে বিশেষভাবে অনুরোধ করা হলো।



২৬-৯-২০২২

মোঃ হান্নানুর রশিদ

জেনারেল ম্যানেজার (ভারপ্রাপ্ত)

ফোন: 02223385720

ফ্যাক্স: 02223381825

ইমেইল: info@jbc.gov.bd

জেনারেল ম্যানেজার (ভারপ্রাপ্ত), প্রশাসন ডিভিশন, জীবন বীমা  
কর্পোরেশন

স্মারক নম্বর: ৫৩.১৯.০০০০.৬০০.৫৬.০০১.২২.৮১/১(৭)

তারিখ: ১১ আশ্বিন ১৪২৯

২৬ সেপ্টেম্বর ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) কমিটির সদস্য (সকল)....., জীবন বীমা কর্পোরেশন, প্রধান কার্যালয়, ঢাকা।
- ২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, জীবন বীমা কর্পোরেশন
- ৩) ম্যানেজার, একত্রিকরণ শাখা, জীবন বীমা কর্পোরেশন
- ৪) ম্যানেজার, কো-অর্ডিনেশন, ও এন্ড এম এন্ড ট্রেনিং, জীবন বীমা কর্পোরেশন
- ৫) ম্যানেজার, জনসংযোগ ও প্রটোকল, জীবন বীমা কর্পোরেশন
- ৬) সংশ্লিষ্ট ফাইল।
- ৭) মাস্টার ফাইল।



২৬-৯-২০২২

শেখ খায়েরুজজামান

এজিএম

## তথ্য অধিকার সম্পর্কে জনসচেতনতামূলক স্লোগান:

০১। তথ্য আমার অধিকার  
জানতে হবে সবার।

০২। চাইলে তথ্য জনগণ  
দিতে বাধ্য প্রশাসন।

০৩। তথ্য পেলে জনগণ  
নিশ্চিত হবে সুশাসন।

০৪। সবাই মিলে তথ্য দিলে  
আলোকিত সমাজ মিলে।

০৫। তথ্য পেলে মুক্তি মেলে  
সোনার বাংলার স্বপ্ন ফলে।

০৬। সংকট কালে তথ্য পেলে  
জনগণের মুক্তি মেলে।

০৭। তথ্য পাবে জনগণ  
তথ্যে আমার উন্নয়ন।

০৮। সুশাসন আর সুন্দর ধরা  
তথ্য ছাড়া যায় না গড়া।

০৯। তথ্য দিয়ে গড়ব দেশ  
মিলবে সোনার বাংলাদেশ।